গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০২.২৪- ১১৮৫(৪৫) তারিখ : ২২ কার্তিক ১৪৩১ / ০৭ নভেম্বর ২০২৪

**"সভার নোটিশ "**

আগামী ১৪/১১/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল- ১১.৩০ ঘটিকার সময় উপজেলা পরিষদের নভেম্বর/২০২৪ মাসের উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ রাশেদুজ্জামান, প্রশাসক, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২। উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন
৪। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি
৫। মানসম্মত শিক্ষা বিস্তারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা
৬। বিবিধ।

০৭/১১/২৪
মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

প্রাপক :

০১। প্রশাসক, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
০২। উপজেলা-.. ............................................অফিসার,কালিয়া, নড়াইল। তাঁকে আগামী ১৩/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত কার্যপত্র দাখিল এর জন্য অনরোধ করা হলো।
০৩। চেয়ারম্যান, .......................................................ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল।
০৪। জনাব..............................................................................................., কালিয়া, নড়াইল।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০২.২৪-১১৮৬(৪৫) তারিখ : ২২ কার্তিক ১৪৩১ / ০৭ নভেম্বর ২০২৪

**"সভার নোটিশ "**

আগামী ১৪/১১/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল- ১১.৩০ ঘটিকার সময় উপজেলা পরিষদের নভেম্বর/২০২৪ মাসের উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ রাশেদুজ্জামান, প্রশাসক, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২। উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন
৪। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি
৫। মানসম্মত শিক্ষা বিস্তারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা
৬। বিবিধ।

০৭/১১/২৪
মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

প্রাপক :

০১। প্রশাসক, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
০২। উপজেলা-.. ............................................অফিসার,কালিয়া, নড়াইল। তাঁকে আগামী ১৩/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত কার্যপত্র দাখিল এর জন্য অনরোধ করা হলো।
০৩। চেয়ারম্যান, .......................................................ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল।
০৪। জনাব..............................................................................................., কালিয়া, নড়াইল।

# উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল এর নভেম্বর/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

তারিখ : ১৪/১১/২০২৪ খ্রিঃ।
সময় : বেলা-১১.৩০ টা।
স্থান : কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি: মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতে সভায় বিগত ২৪/১০/২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা : উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিলের সচিত্র হিসাব উপস্থাপনপূর্বক আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করার জন্য দপ্তর প্রধানদের অনুরোধ করা হয়।

**দাপ্তরিক আলোচনা**

| ক্রঃ নং | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা পরিষদের অক্টোবর, ২০২৪ মাসের আয় ব্যয়ের হিসাব | **উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অক্টোবর/২০২৪ মাসের আয় ও ব্যয় বিবরণী** (নিচের সারণি দ্রষ্টব্য) | | |

| অক্টোবর /২০২৪ মাসের আয় | টাকা | অক্টোবর/২০২৪ মাসের ব্যয় | টাকা |
|---|---|---|---|
| সাব রেজিষ্ট্রে অফিস, কালিয়া, নড়াইল হতে ১% অর্থ জমা | ৯১৮,৯৬৯.৫০ | উপজেলা পরিষদের ০২ জন কর্মচারীর মজুরী প্রদান, উপজেলা পরিষদের ০৪ জন কর্মচারীর সিপিএফ ফান্ডে জমা, আপ্যায়ন ব্যয় বিল, কন্টিজেন্সি বিল, পরিষ্কার পরিচ্ছন্নতার মজুরী বিল, চেক ইস্যু বাবদ ব্যাংক কর্তৃক কর্তন এবং অন্যান্য ব্যয়। | ৪৯৫,৯৩৫ |
| **মোট প্রাপ্ত =** | **৯১৮,৯৬৯.৫০** | **মোট ব্যয়/খরচ =** | **৪৯৫,৯৩৫** |
| **প্রারম্ভিক জের =** | **১,৫৩১,৪৪৯.৯৫** | **সমাপ্তি জের/ব্যালান্স =** | **১,৯৫৪,৪৮৪.৪৫** |
| **সর্বমোট =** | **২,৪৫০,৪১৯.৪৫** | **সর্বমোট =** | **২,৪৫০,৪১৯.৪৫** |

**উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অক্টোবর/২০২৪ মাসের আয় ও ব্যয় বিবরণী**

| অক্টোবর/২০২৪ মাসের আয় | টাকা | অক্টোবর/২০২৪ মাসের ব্যয় | টাকা |
|---|---|---|---|
| মোট প্রাপ্ত | - | মোট ব্যয়/খরচ | - |
| প্রারম্ভিক মোট | ৫৬,৪১,৯৭২.৬৯ | সমাপ্তি জের/ব্যালান্স | ৫৬,৪১,৯৭২.৬৯ |
| সর্বমোট = | ৫৬,৪১,৯৭২.৬৯ | সর্বমোট = | ৫৬,৪১,৯৭২.৬৯ |

উল্লেখ্য উক্ত স্থিতির মধ্যে আন্ত বিভাগীয় খেয়াঘাটের ৩৩,৬৬,২৮৫.৩০ (তেত্রিশ লক্ষছেষট্টি হাজার দুইশত পঁচাশি টাকা ত্রিশ পয়শা) টাকা অন্তর্ভুক্ত রয়েছে। আন্ত বিভাগীয় খেয়াঘাটেরঅর্থ বাদে উপজেলা উন্নয়ন তহবিলে ২২,৭৫,৬৮৭.৩৯ (বাইশ লক্ষ পচাত্তর হাজার ছয়শত সাতাশি টাকা উনচল্লিশ পয়শা) টাকা অবশিষ্ট রয়েছে।

| ক্রঃ নং | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২৪/১০/২০২৪ খ্রিঃ তারিখ হতে ০৯-১৪ বছর বয়সের নারীদের হিউম্যান প্যাপিলোমা ভাইরাসের টিকা প্রদান কার্যক্রম শুরু হয়েছে। আগামী ২৩/১১/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত কার্যক্রম চলমান থাকবে। চলতি মাস পর্যন্ত ৮,২৭৭ জনকে টিকা প্রদান করা হয়েছে। এ উপজেলায় সর্বমোট ১২,০০০ জনকে টিকা প্রদান করা হবে। তিনি আরো বলেন, বিভিন্ন গণমাধ্যমে টিকার পার্শ্ব প্রতিক্রিয়া দেখাদিচ্ছে এধরেন ভুল সংবাদ প্রকাশ করছে। এসকল গুজবে কান না দেওয়ার জন্য অনুরোধ করেন। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, মন্ত্রণালয়ের নির্দেশনা যথাযথ প্রতিপালন পূর্বক হিউম্যান প্যাপিলোমা ভাইরাসের টিকা প্রদান কার্যক্রম পরিচালনাসহ টিকার পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কিত গুজবের জন্য জনসচেতনতা সৃষ্টির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৩ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, এ উপজেলায় মোট সক্ষম দম্পতি ৪৭,২১০ জন। এদের মধ্যে পদ্ধতি গ্রহণকারী সংখ্যা ৩৭,৪৯১ জন, মোট গর্ভবতীর সংখ্যা ১,৬৬৭ জন। তিনি আরো বলেন তার দপ্তর হতে ৩,৯৩৪ জনকে শিশু সেবা, ৯৯১ জনকে গর্ভবতী সেবা, ২২,১০২ জনকে পুষ্টি সেবা এবং ৮০৯ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। পাশাপাশি ৪৩ জনকে এফডব্লিউসিতে স্বাভাবিক ডেলিভারী করানো হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ৫৫৫০জন কৃষকের মাঝে রবিশষ্যের প্রণোদনার আওতায় বীজ ও সার বিতরণ চলমান রয়েছে। তন্মধ্যে সরিষা ৩১০০ জন, মসুর ৭০০জন, খেসারী ৯০০জন, পেয়াজ ৫০জন ও গম ৫০০ জনের মাঝে বিতরণ করা হবে। উফশী সবজি প্রণোদনার আওতাভুক্ত ৭০০ জন কৃষকের মাঝে বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। হাইব্রিড ধান বীজের আওতাভুক্ত ৭,০০০ জন কৃষদের মাঝে বিজ বিতরণ করা হবে। তন্মধ্যে ৪৭০ জন কৃষকের মধ্যে হাইব্রীড ধান বীজ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো বলেন, ১৯৮০ জনের মধ্যে হাইব্রীড সবজি প্রণোদনার তালিকা করা হয়েছে। ইতমধ্যে তালিকা অনুমোদন করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচান করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, হয়রানিমুক্ত পরিবেশে এবং নির্ধারিত সময়ের মধ্যে কৃষকদের মাঝে সকল প্রকার প্রণোদনা সেবা শতভাগ সচ্ছতার সহিত প্রদাণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৫ | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত। উপজেলা মৎস্য কার্যালয়ের চলতি মাসের কার্যক্রম সম্পর্কে উপজেলা নির্বাহী অফিসার বলেন, মা ইলিশ সংরক্ষণ অভিযান ০৩/১১/২০২৪ খ্রিঃ তারিখে সমাপ্ত হয়েছে। ১৫টি মাছের প্রদর্শনী (পাঙ্গাস, কার্প জাতীয়, গুলসা, কৈ) কার্যক্রম সম্পন্ন হয়েছে। মৎস্য অফিসার অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে আর আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মৎস্য অফিসার সভায় উপস্থিত না থাকায় আগামী সভায় উপস্থিত থেকে চলতি মাসের কার্যক্রমের অগ্রগতী প্রতিবেদন উপস্থাপনের অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৬ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, চলতি মাসে ১,০০০ টি গবাদি পশুকে টিকা প্রদান এবং ৬৫,০০০ টি হাঁস-মুরগীর টিকা বিক্রয় করা হয়েছে। ২,০৯০টি গবাদি পশু, ১২,৮২৬টি হাঁস-মুরগী ও ৪টি পোষা প্রাণির চিকিৎসা প্রদান করা হয়েছে। পাশাপাশি ৪৬০টি গবাদি পশুর কৃত্রিম প্রজনন করানো হয়েছে। গত ০৪/১১/২০২৪ খ্রিঃ তারিখে পেড়লী ও পাঁচগ্রাম ইউনিয়নের সম্মিলিত সাতবাড়িয়া গ্রামে ৩৯ জনের যৌথ গরুর খামারে ১টি এবং বড়নাল ইলিয়াছাবাদ ইউনিয়নের হেদায়েতপুর গ্রামের ২০ জনের যৌথ গরুর খামারে ১টি সর্বমোট ০২টি ঘাস কাটার মেশিন বিনামূলে বিতরণ করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, কালিয়া উপজেলার গবাদি পশুসহ অন্যান্য প্রাণির সঠিক সময়ে সঠিক চিকিৎসা সেবা প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৭ | প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের মধ্যে ৩টি বক্স কালভার্ট এবং ৩টি গার্ডার সেতু মোট ৬টি সেতু/ কালভার্ট প্রকল্পের কাজ চলমান রয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে বীর নিবাস নির্মাণ প্রকল্পে ৩টি প্যাকেজে ১২টি বীর নিবাস নির্মাণ প্রকল্পের মধ্যে ৬টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচান করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, চলমান প্রকল্পের কাজ শতভাগ স্বচ্ছতার সাথে সম্পন্ন করাসহ পরবর্তী সভায় চলমান পকল্পের অগ্রগতি প্রতিবেদন ছবিসহ উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজ সেবা অফিসার সভায় উপস্থিত। তিনি জানা যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রথম কিস্তির ২৩,১৩২ জন ভাতা ভাতাভোগীদের বিকাশ নাম্বারে প্রেরণ করা হয়েছে। ৩০২ টি প্রতিবন্ধী ভাতার আবেদন পাওয়া গেছে। প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে যে সকল প্রতিবন্ধীর সুবর্ণ কার্ড অর্থাৎ প্রতিবন্ধী পরিচয়পত্র আছে শুধুমাত্র তারাই আবেদন করতে পারবেন। গত বছর যারা প্রতিবন্ধী ভাতার জন্য যারা আবেদন করেছেন তাদের আর নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। ১৫/১০/২০২৪ খ্রিঃ তারিখ হতে ১৪/১১/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন করতে হবে। ২০২৪-২০২৫ অর্থ বছরে বয়স্ক ও বিধবা ভাতার কোন বরাদ্দ পাওয়া যায়নি। তিনি আরো বলেন, বেদে ও অনগ্রসর ভাতার অনলাইনে আবেদন ১৩/১১/২০২৪ খ্রিঃ তারিখ হতে শুরু ৩০/১১/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত চলবে। অনলাইনে আবেদন লিংক: https://dss.bhata.gov.bd/online-application । তিনি জানা যে, অনলাইনে আবেদনের বিষয়ে কালিয়া পৌরসভাসহ সকল ইউনিয়ন পরিষদে পত্র প্রেরণ করা হয়েছে। ২য় কিস্তির অর্থ ছাড় করার আগে প্রতিস্থাপনের কাজ শেষ হবে বলে জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচান করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>৮.ক) নির্ধারিত সময়ের মধ্যে কালিয়া উপজেলার প্রতিটি ইউনিয়ন হতে প্রতিবন্ধী ভাতা এবং বেদে ও অনগ্রসর ভাতার অনলাইন আবেদন কার্যক্রম সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৮.খ) মৃত ভাতাভোগীদের প্রতিস্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক)উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেননি। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | উপজেলা বন বিভাগ। | ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, লক্ষ্য করা যাচ্ছে যে বিভিন্ন প্রতিষ্ঠানের সামনে গাছে পেরেক মেরে সাইনবোর্ড আটকানো হচ্ছে যা গাছির জন্য খুবই ক্ষতিকর ও গাছের স্বাভাবিক বৃদ্ধি বাধাপ্রাপ্ত হচ্ছে। এ বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য সম্মানীত সদস্যবৃন্দের প্রতি অনুরোধ করেন। তিনি বলেন, ২০২৪-২০২৫ অর্থ বছরে সামাজিক বনায়নের জন্য স্থান নির্বাচন করা হচ্ছে। বনায়ন উপযোগী স্থান থাকলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে আবেদনের মাধ্যমে অবগত করার জন্য অনুরোধ করেন। নভেম্বর/২০২৪ মাসে ৯/-(নয়) টাকা মূল্যে ১,১০০ (এক হাজার একশত) টি চারা বিক্রয় হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে,<br>১৫.ক) গাছের স্বাভাবিক বৃদ্ধির জন্য গাছে পেরেক মেরে সাইনবোর্ডসহ অন্যান্য জিনিসপত্র আটকানো বন্ধের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৫.খ) পরিবেশ দুষণমুক্ত করার লক্ষ্যে সামাজিক বনায়নের জন্য সল্পসময়ের মধ্যে স্থান নির্বাচন পূর্বক পরবর্তী কার্যক্রম সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেষ্টার, সামাজিক বন বাগান কেন্দ্র, কালিয়া, নড়াইল। |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ১০ম শ্রেণির নির্বাচনী পরীক্ষা আসন্ন। উক্ত পরীক্ষায় সকল শিক্ষার্থীদের অংশগ্রহণ বাধ্যতামূলক। নির্বাচনী পরীক্ষায় কোন শিক্ষার্থী উত্তীর্ণ হতে না পারলে সে সকল শিক্ষার্থী মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এ বিষয়ে শিক্ষার্থীর পরিবারকে অবগত করাতে হবে বলে জানান। | বিস্তারিত আলোচনান্তে, শিক্ষার গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতি বৃদ্ধির জন্য প্রতিটি বিদ্যালয়ে অভিভাবক সমাবেশের আয়োজনসহ অকৃতকার্য শিক্ষার্থীদের পরিক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার সুপারিশ গ্রহণ না করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৭ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেননি। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা নির্বাচন অফিসারকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৮ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্পের মাধ্যমে জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন ও বহিরগমন সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে। মাসিক কৃষি মজুর তথ্য সংগ্রহ করা হয়েছে। পাশাপাশি আউশ ফসল, পাট ফসল ও আমন ফসলের আনুমানিক তথ্য সংগ্রহ করা হয়েছে। পাট ফসলের মুল্য ও উৎপাদন খরচ জরিপ তথ্য সংগ্রহ করা হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন ও বহিরগমন সংখ্যা ভিত্তিক তথ্য এবং অস্থায়ী ফসলের ক্ষয়ক্ষতি নিরুপন সংক্রান্ত সুস্পষ্ট তথ্য উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নতুন যোগদান করায় সভায় উপস্থিত সকল সদস্যদের সাথে পরিচিত হন। তিনি জানান যে, শুধুমাত্র পৌরসভায় ৩০ টাকায় চাল ও ২০ টাকায় আটা বিক্রয়ের ওএমএস ডিলার নিয়োগ করা হবে। ধান সংগ্রহের বরাদ্দ পাওয়া গেছে। অনলাইনে আবেদনের মাধ্যমে সরকার নির্ধারিত ৩৩/- রেটে ধান সংগ্রহ করা হবে। তার দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে,<br>১৯.ক) কালিয়া পৌরসভায় ব্যাপক মাইকিংসহ পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে শতভাগ স্বচ্ছতার সাথে ওএমএস ডিলার নিয়োগ কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৯.খ) শতভাগ স্বচ্ছতার সাথে সরকার নির্ধারিত রেটে ধান সংগ্রহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিয়া, নড়াইল। নড়াইল। |
| ২০ | পল্লী বিদুৎ অফিস | ডিজিএম, কালিয়া জোনাল অফিস সভায় উপস্থিত। তিনি জানান যে, গাছের ডালপালা কর্তণ কার্যক্রম চলমান রয়েছে। সার্বিক পরিবেশ পরিস্থিতিতে অত্র উপজেলার বিদ্যুতের চাহিদা অনুযায়ী সরবরাহ সন্তোষজনক রয়েছে। তিনি বলেন বিভিন্ন সরকারি দপ্তরের দীর্ঘদিনের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, যে সকল সরকারি প্রতিষ্ঠানে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে তা পরিশোধের ব্যবস্থা গ্রহণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, কালিয়া জোনাল অফিস, নড়াইল। |
| ২১ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কালিয়া উপজেলা কার্যালয়, খুলনা অঞ্চল সভায় উপস্থিত। তিনি জানান যে, চলতি মাসে মোট আয় ৩,৭৮,০৩০/-, মোট ব্যয় ৩,৫১,৮২৮/-। ২০২৪-২০২৫ অর্থ বছরে তার দপ্তর হতে বিতরণকৃত মোট লক্ষ্য মাত্রা ৩৫,৮৫,০০০/- অর্জন ৩১,০৫,০০০/- হার ৮৭%। তন্মধ্যে ক্ষুদ্র ঋণ বিতরণ খাতের | বিস্তারিত আলোচনান্তে, শতভাগ স্বচ্ছতার সহিত ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কালিয়া |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচীতে ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রতি ইউনিয়নে মাস প্রতি ৫ জন উপকারভোগী নির্বাচনের নির্দেশনা পওয়া গিয়েছে। সে আলোকে কার্যক্রম চলমান রয়েছে। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ বিতরণ কার্যক্রমের আওতায় চলতি অর্থ বছরে কোন ঋণ বিতরণ করা হয়নি। বিতরণকৃত ঋণ আদায়ের হার ৬০%। এ উপজেলায় ২৩৬৩ জন ভিডব্লিউবি উপকারভোগী রয়েছে। চলতি মাসের চালের ছাড়পত্র প্রদান করা হয়েছে। আগত ২০২৫-২০২৬ অর্থ বছরের নতুন উপকারভোগী নির্বাচনের নির্দেশনা পাওয়া গেছে। তিনি আরো বলেন, ভিজিডির চাল বিতরণ কার্যক্রম সন্তোষজনক। তবে বিভিন্ন ইউনিয়ন থেকে ভিজিডির চাল বিতরণের সময় পুরাতন ও ছেড়া বস্তা দেওয়া হয়েছে মর্মে জানা গেছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, ভিজিডি চাল বিতরণ কার্যক্রম আরো সন্তোষজনক ভাবে পরিচালনার লক্ষে আগামীতে সম্পুর্ণ নতুন বস্তায় চালের গুনগত মান বজায় রেখে প্রতি বস্তায় ৩০ কেজি করে চাল দেওয়ার জন্য ঠিকাদারকে নির্দেশনা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল।<br>খ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিয়া, নড়াইল। |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে নভেম্বর/২০২৪ মাসে ০২টি ব্যাচে ৬০ (পুরুষ-৪১, মহিলা-১৯) জন যুব/যুব মহিলাকে গবাদি পশু ও হাঁস-মুরগী পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। চলতি অর্থ বছরে নভেম্বর/২০২৪ মাসে খাশিয়াল এবং জয়নগর ইউনিয়নে ০২ (পুরুষ-১, মহিলা-১) জন প্রশিক্ষণ প্রাপ্ত যুব/যুব মহিলার মধ্যে ৩,০০,০০০/- টাকা যুবঋণ বিতরণ করা হয়েছে। চলতি মাসে পর্যন্ত ০২ জন যুব/যুব মহিলাকে স্বকর্মসংস্থানের মাধ্যমে আত্মকর্মী হিসাবে গড়ে তোলা হয়েছে। তার দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে,<br>১১.ক) ২০২৪-২০২৫ অর্থ বছরে বিতরণকৃত ঋণের অর্থ শতভাগ সচ্ছতার সাথে আদায়কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১.খ) যুব/যুব মহিলাদের স্বকর্মসংস্থানের হার বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১২ | উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপির প্রথম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। এডিপির ২য় কিস্তির বরাদ্দ পাওয়ার পর পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। তিনি সভায় উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের তাদের ইউনিয়নের জনস্বার্থে অপরিহার্য প্রকল্পসমূহের তালিকা প্রণয়নের অনুরোধ করেন। তিনি আরো বলেন, চলমান প্রকল্প সমূহের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ হবে। উপজেলা পরিষদের মেইন গেট নির্মাণের জন্য নকশা ও প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে বলে জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>১২.ক) সকল ইউনিয়নের জনস্বার্থে অপরিহার্য প্রকল্পসমূহের তালিকা প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষের নিকট জরুরী ভিত্তিতে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১২.খ) উপজেলা পরিষদের মেইন গেট নির্মাণের অনুমোদনের জন্য মেইন গেটের প্রাক্কলন আগামী সভায় উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া<br>খ) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে গভীর নলকূপ প্রাপ্তির লক্ষ্যে জনসাধারণদের সরকার নির্ধারিত ফলমে আবেদন করতে হবে। যাচাই বাছাইয়াতে সাইড সিলেকশন করা হবে। তিনি সকলের অবগতির জন্য জানান যে, গভীর নলকূপ গ্রহণের জন্য গ্রহীতাকে সরকার নির্ধারিত ফি বাবদ ০৬নং গভীর নলকূপের জন্য ৭,০০০/- এবং সাবমার্সিবল এর জন্য ১০,০০০/- চালান মারুফত ব্যাংকে জমা দিতে হবে। তিনি আরো বলেন, ২০২০-২০২১ অর্থ বছরে ৬২টি, ২০২১-২০২২ অর্থ বছরে ৩২২টি এবং ২০২৩-২০২৪ অর্থ বছরে ৩৬৪টি গভীর নলকূপ স্থাপনের কাজ বাকি রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>১৩.ক) ২০২৪-২০২৫ অর্থ বছরে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রাপ্ত বরাদ্দের সকল কাজ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক যথাযথ প্রতিপালন পূর্বক দ্রুত সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৩.খ) ২০২০-২০২১ হতে ২০২৩-২০২৪ অর্থ বছরে পর্যন্ত যে সকল গভীর লকূপের কাজ অসমাপ্ত রয়েছে তা আগামী ৩০/১১/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে শেষ করে আগামী সভায় ছবিসহ অগ্রগতি প্রতিবেদন উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইল। |
| ১৪ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার , কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তরর হতে ০৮ (আট)টি আশ্রয়ন প্রকল্পের ঋণ দাদন ১০০% এবং আদেয়র হার ৫৩%। দাদনকৃত ঋণ সদস্যরা যথাযথ ভাবে ব্যবহার করছে এবং তারা উপকৃত হয়েছে। এ বিভাগের নিবন্ধিত সমবায় সমিতিগুলো অনলাইনের আওতায় আনার কার্যক্রম চলমান রয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, যথাযথ তদারকির মাধ্যমে দাদনকৃত ঋণসমূহ নির্দিষ্ট খাতে ব্যবহার পূর্বক যথাসময়ে ঋণ আদায় কার্যক্রম পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | উপজেলা বন বিভাগ। | ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, লক্ষ্য করা যাচ্ছে যে বিভিন্ন প্রতিষ্ঠানের সামনে গাছে পেরেক মেরে সাইনবোর্ড আটকানো হচ্ছে যা গাছির জন্য খুবই ক্ষতিকর ও গাছের স্বাভাবিক বৃদ্ধি বাধাপ্রাপ্ত হচ্ছে। এ বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য সম্মানীত সদস্যবৃন্দের প্রতি অনুরোধ করেন। তিনি বলেন, ২০২৪-২০২৫ অর্থ বছরে সামাজিক বনায়নের জন্য স্থান নির্বাচন করা হচ্ছে। বনায়ন উপযোগী স্থান থাকলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে আবেদনের মাধ্যমে অবগত করার জন্য অনুরোধ করেন। নভেম্বর/২০২৪ মাসে ৯/-(নয়) টাকা মূল্যে ১,১০০ (এক হাজার একশত) টি চারা বিক্রয় হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে,<br>১৫.ক) গাছের স্বাভাবিক বৃদ্ধির জন্য গাছে পেরেক মেরে সাইনবোর্ডসহ অন্যান্য জিনিসপত্র আটকানো বন্ধের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৫.খ) পরিবেশ দুষণমুক্ত করার লক্ষ্যে সামাজিক বনায়নের জন্য সল্পসময়ের মধ্যে স্থান নির্বাচন পূর্বক পরবর্তী কার্যক্রম সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেষ্টার, সামাজিক বন বাগান কেন্দ্র, কালিয়া, নড়াইল। |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ১০ম শ্রেণির নির্বাচনী পরীক্ষা আসন্ন। উক্ত পরীক্ষায় সকল শিক্ষার্থীদের অংশগ্রহণ বাধ্যতামূলক। নির্বাচনী পরীক্ষায় কোন শিক্ষার্থী উত্তীর্ণ হতে না পারলে সে সকল শিক্ষার্থী মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এ বিষয়ে শিক্ষার্থীর পরিবারকে অবগত করাতে হবে বলে জানান। | বিস্তারিত আলোচনান্তে, শিক্ষার গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতি বৃদ্ধির জন্য প্রতিটি বিদ্যালয়ে অভিভাবক সমাবেশের আয়োজনসহ অকৃতকার্য শিক্ষার্থীদের পরিক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার সুপারিশ গ্রহণ না করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৭ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেননি। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা নির্বাচন অফিসারকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৮ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্পের মাধ্যমে জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন ও বহিরগমন সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে। মাসিক কৃষি মজুর তথ্য সংগ্রহ করা হয়েছে। পাশাপাশি আউশ ফসল, পাট ফসল ও আমন ফসলের আনুমানিক তথ্য সংগ্রহ করা হয়েছে। পাট ফসলের মুল্য ও উৎপাদন খরচ জরিপ তথ্য সংগ্রহ করা হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন ও বহিরগমন সংখ্যা ভিত্তিক তথ্য এবং অস্থায়ী ফসলের ক্ষয়ক্ষতি নিরুপন সংক্রান্ত সুস্পষ্ট তথ্য উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নতুন যোগদান করায় সভায় উপস্থিত সকল সদস্যদের সাথে পরিচিত হন। তিনি জানান যে, শুধুমাত্র পৌরসভায় ৩০ টাকায় চাল ও ২০ টাকায় আটা বিক্রয়ের ওএমএস ডিলার নিয়োগ করা হবে। ধান সংগ্রহের বরাদ্দ পাওয়া গেছে। অনলাইনে আবেদনের মাধ্যমে সরকার নির্ধারিত ৩৩/- রেটে ধান সংগ্রহ করা হবে। তার দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে,<br>১৯.ক) কালিয়া পৌরসভায় ব্যাপক মাইকিংসহ পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে শতভাগ স্বচ্ছতার সাথে ওএমএস ডিলার নিয়োগ কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৯.খ) শতভাগ স্বচ্ছতার সাথে সরকার নির্ধারিত রেটে ধান সংগ্রহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিয়া, নড়াইল। নড়াইল। |
| ২০ | পল্লী বিদুৎ অফিস | ডিজিএম, কালিয়া জোনাল অফিস সভায় উপস্থিত। তিনি জানান যে, গাছের ডালপালা কর্তণ কার্যক্রম চলমান রয়েছে। সার্বিক পরিবেশ পরিস্থিতিতে অত্র উপজেলার বিদ্যুতের চাহিদা অনুযায়ী সরবরাহ সন্তোষজনক রয়েছে। তিনি বলেন বিভিন্ন সরকারি দপ্তরের দীর্ঘদিনের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, যে সকল সরকারি প্রতিষ্ঠানে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে তা পরিশোধের ব্যবস্থা গ্রহণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, কালিয়া জোনাল অফিস, নড়াইল। |
| ২১ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কালিয়া উপজেলা কার্যালয়, খুলনা অঞ্চল সভায় উপস্থিত। তিনি জানান যে, চলতি মাসে মোট আয় ৩,৭৮,০৩০/-, মোট ব্যয় ৩,৫১,৮২৮/-। ২০২৪-২০২৫ অর্থ বছরে তার দপ্তর হতে বিতরণকৃত মোট লক্ষ্য মাত্রা ৩৫,৮৫,০০০/- অর্জন ৩১,০৫,০০০/- হার ৮৭%। তন্মধ্যে ক্ষুদ্র ঋণ বিতরণ খাতের | বিস্তারিত আলোচনান্তে, শতভাগ স্বচ্ছতার সহিত ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কালিয়া |

| | | | | |
|---|---|---|---|---|
| | | লক্ষ্য মাত্রা ১৫,০০,০০০/- অর্জন ৬,৫০,০০০/- হার ৪০%, নারী উদ্যোক্তা ঋণ খাতের লক্ষ্য মাত্রা ৫,০০,০০০/- অর্জন ৮,০০,০০০/- হার ১৬০%, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণবিতরণ খাতের লক্ষ্য মাত্রা ১০,৮৫,০০০/-, অর্জন ১৭,০০,০০০/- হার ১৫৭%, প্রনোদনা ঋণ বিতরণ (কোভিড ঋণ) খাতের লক্ষ্য মাত্রা ৩,০০,০০০/- অর্জন নাই এবং কৃষি জীবিকায়ন ঋণ বিতরণ লক্ষ্য মাত্রা ২,০০,০০০/- অর্জন নাই। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | | উপজেলা কার্যালয়, খুলনা অঞ্চল। |
| ২২ | উপজেলা পাট অফিস | উপজেলা পাট উন্নয়ন অফিসার সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেননি। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা পাট উন্নয়ন অফিসারকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা পাট উন্নয়ন অফিসার সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা পাট কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| ২৩ | পানি উন্নয়ন বোর্ড | উপ বিভাগীয় প্রকৌশলী সভায় উপস্থিত। পানি উন্নয়ন বোর্ডের সদস্যকে উপজেলা মাসিক সভায় অন্তভুক্ত করায় তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জানান যে, বড়দিয়া ফেরিঘাট সংলগ্ন নদী ভাঙ্গনের স্থানে জিও ব্যাগ ফেলার কাজ চলমান রয়েছে। তিনি বলেন, কালিয়া উপজেলাটি নদী বেষ্টিত হওয়ায় বছরের নানা সময়ে এ উপজেলার জনসাধারণদের নানা প্রতিকূলতার সম্মুখীন হতে হয়। প্রতিকূলতা মোকাবেলায় তার দপ্তর হতে সার্বিক সহযোগিতা করা হবে বলে তিনি সভায় জানান । এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ স্বচ্ছতার সহিত বড়দিয়া ফেরিঘাট সংলগ্ন নদী ভাঙ্গনের স্থানে জিও ব্যাগ ফেলার কাজ সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, নড়াইল। |
| ২৪ | বিবিধ-১ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কালিয়া, নড়াইল বলেন, উপজেলা পরিষদ চত্তরে ঢোকার জন্য উপজেলার যে বাউন্ডরী ওয়াল রয়েছে তন্মধে ০৬(ছয়)টি প্রবেশ পথ রয়েছে। উক্ত প্রবেশপথে কোন গেট না থাকায় বিভিন্ন সময়ে বাইরের লোকজন উপজেলা পরিষদে অনৈতিক কার্যক্রম পরিচালনার জন্য ঘোরা ফেরা করে। প্রয়োজনীয় নিরাপত্তা রক্ষী না থাকায় উক্ত প্রবেশপথ ব্যাবহার করে উপজেলা পরিষদে বিভিন্ন সময়ে চুরি/ডাকাতির মত ঘটনা ঘটেছে। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, বিগত দিনে উক্ত প্রবেশপথ ব্যাবহার করে এ উপজেলায় ডাকাতি হয়েছে। ডাকতরা তখনকার উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে কুপিয়ে জখম করেছে বলে জানান। ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বাইরের নেশাগ্রস্ত লোকজন এ উপজেলার হেলিপ্যাডে প্রতিনিয়তই বিভিন্ন প্রকার মাদক সেবন কার্যক্রম পরিচালনা করছে। প্রশাসনের সাহায্য নিলে তারা উক্ত প্রবেশপথ ব্যাবহার করে পালিয়ে যায় ফলে তাদের আইনের আওতায় আনা সম্ভব হয় না। ০৯নং বাঐসোনা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান উপজেলা পরিষদের নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্যে একটি মেইন গেট রেখে বাকি ০৬টি প্রবেশপথ বন্ধ করার প্রস্তাব করেন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী উপজেলা পরিষদের সীমানা প্রাচীরের সাথে সামঞ্জস্য রেখে স্থায়ী ভাবে ০৬টি প্রবেশ পথ বন্ধ করা যায় মর্মে সভায় উপস্থিত সকলের অভিমত পোষণের অনুরোধ করেন। সভায় উপস্থিত সদস্যগন উক্ত প্রস্তাবে সম্মতি প্রদান করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদে আগমন-বর্হিমগণের জন্য উপজেলা জামে মসজিদের পাশের প্রবেশপথটি মেইন গেট রেখে বাকি ০৬টি প্রবেশ পথ উপজেলা পরিশষদের সীমানা প্রাচীরের সাথে সামঞ্জস্য রেখে স্থায়ী ভাবে ইট, বালু ও সিমেন্ট দিয়ে বন্ধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে প্রাক্কলণ প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলী, কালিয়া, নড়াইলকে অনুরোধ করা হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। খ) উপজেলা প্রকৌশলী, কালিয়া, নড়াইল। |
| ২৫ | বিবিধ-২ | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, উপজেলা পরিষদের অধিগ্রহনকৃত ২৫০১ খতিয়ানের ২৪৭১ দাগের ২ শতক জমির স্থায়ী নিষেধাজ্ঞার জন্য ১। মোঃ লুৎফর রহমান, ২। মোঃ মিজানুর রহমান, পিতা- মৃত মৌলভী মোহাম্মদ সিকদার, সাং- রামনগর, কালিয়া, নড়াইল, ৩। মোসাঃ ফরিদা রহমান, স্বামী- মৃত ওয়ালিউর রহমান, ৪। এস,এম আশিকুর রহমান, ৬। এস,এম আকিবুর রহমান, পিতা- মৃত এ,কে,এম ওয়ালিউর রহমান, হাল সাং- ছোট কালিয়া, কালিয়া, নড়াইলগন বাদী হয়ে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইলকে বিবাদী করে মোকাম বিজ্ঞ কালিয়া সহকারী জজ আদালত, নড়াইল এ দেওয়ানী মামলা দায়ের করেছেন। মামলা নং- দে ১৬৫/২৪ সন-২০২৪। উক্ত মামলা পরিচালনার জন্য উকিলের ফিস, বিভিন্ন কাগজপত্র সংগ্রহ ও অন্যান্য অনেক খরচ রয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ড) অনুচ্ছেদে মামলা পরিচালন ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহ করার নির্দেশনা রয়েছে। এ মামলাটি পরিচালনার | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের স্থাবর সম্পদ রক্ষার্থে মামলা নং-দে ১৬৫/২৪ পরিচালনার জন্য উকিলের ফিস, বিভিন্ন প্রয়োজনীয় কাগজপত্রসহ অন্যান্য খরচ নির্বাহের জন্য উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার নির্দেশনা প্রতিপালন পূর্বক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ক্ষেত্রে যে সকল ব্যয় হবে তা সরকারি নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহ করা যায় বলে সভায় জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | | |
| ২৬ | বিবিধ-৩ | উপজেলা প্রকৌশলী, কালিয়া, নড়াইল বলেন, উপজেলা পরিষদের অভ্যন্তরে যে সকল গেজেটেড/ননগেজেটেড কোয়াটার রয়েছে সেখানে উপজেলা পরিষদের হস্তান্তরিত দপ্তরের কর্মকর্তা/কর্মচারী বাদে বাহিরের লোকজন বসবাস করছে। যার ফলে উপজেলার শান্তি শৃংখলা বিঘ্নিত হচ্ছে। এ বিষয়ে ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান উপজেলার শান্তি শৃংখলা রক্ষার্থে উপজেলা পরিষদের হস্তান্তরিত দপ্তরের কর্মকর্তা/কর্মচারী ব্যাতিত বহিরাগতদের উপজেলা পরিষদের বাসা বরাদ্দ বাতিল করার প্রস্তাব করেন। ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান-এর প্রস্তাবে সভায় উপস্থিত সকল সদস্যগন সম্মতি প্রদান করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের হস্তান্তরিত দপ্তরের কর্মকর্তা/কর্মচারী ব্যাতিত কোন ব্যাক্তি গেজেটেড/ননগেজেটেড কোয়াটারে বসবাস করতে পারবে না। বহিরাগত যারা বর্তমানে সরকারি কোয়াটারে বসবাস করছে আগামী ৩০/১১/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে কোয়াটার ছাড়ার নির্দেশ প্রদান করাসহ যদি কোন ব্যক্তি নির্ধারিত তারিখের মধ্যে কোয়াটার ত্যাগ না করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, কালিয়া, নড়াইল। |
| ২৭ | বিবিধ-৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা পরিষদসহ বিভিন্ন দপ্তরের সভা, ট্রেনিং প্রোগ্রাম হয়ে থাকে। কিন্তু উপজেলা পরিষদ মিলনায়তনে সভা/ট্রেনিং-এ উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের বসার জন্য যে চেয়ারগুলো রয়েছে তার বেশিরভাগ চেয়ার ব্যবহার অনুপযোগী হওয়ায় ডেকোরেটরের দোকান থেকে চেয়ার ভাড়া করে সভা/ট্রেনিং কার্যক্রম পরিচালনা করতে হচ্ছে। যার ফলে অনেক সময় সভা/ট্রেনিং পরিচালনায় ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হচ্ছে। উপজেলা পরিষদের সভা/ট্রেনিং ত্রুটিমুক্ত করতে বসার জন্য চেয়ার ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী জানান যে উপজেলা মিলনায়তনে প্রায় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার চেয়ার ক্রয় করলে আসন সমস্যা সমাধান করা সম্ভব। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ছ) অনুচ্ছেদে প্রতি বছর আসবাপত্র ক্রয় খাতে ৩,০০,০০০/- ব্যয় করার বিধান রয়েছে। তিনি উক্ত খাত হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে উপজেলা পরিষদ মিলনায়তনে নতুন চেয়ার ক্রয়ের প্রস্তাব করেন। সভায় উপস্থিত সদস্যগন উক্ত প্রস্তাবে সম্মতি প্রদান করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ মিলনায়তনে কর্মকর্তা/কর্মচারীদের বসার জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে চেয়ার ক্রয় প্রকল্পটি প্রকল্প কমিটির (পরিশিষ্ট-খ) মাধ্যমে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল।<br>খ)উপজেলা প্রকৌশলী, কালিয়া, নড়াইল। |
| ২৮ | বিবিধ-৫ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার বলেন, কালিয়া উপজেলায় মশাবাহিত ডেঙ্গু জ্বরে আক্রান্ত রোগির সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। উপজেলা পরিষদের অভ্যন্তরে সকল কর্মকর্তা/কর্মচারিদের মশাবাহিত ডেঙ্গু জ্বর হতে রক্ষার্থে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার প্রস্তাব করেন। সভায় উপস্থিত সভাপতিসহ অন্যান্য সদস্যগন তার এ প্রস্তাবে একমত পোষণ করেন। উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ফ) অনুচ্ছেদে প্রতি বছর মশা নিধনের জন্য ১০,০০০/- ব্যয় করার বিধান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারিদের মশাবাহিত ডেঙ্গু জ্বর মোকাবেলার স্বার্থে মশা নিধনের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে "ক্যারাটে" কিটনাশক ক্রয় করে উপজেলা পরিষদের অভ্যন্তরে স্প্রে করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |
| ২৯ | বিবিধ-৬ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ব্যবহার অনুপযোগী হওয়ায় ভবনটি কনডেম ঘোষাণার জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগ থেকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সরেজমিনে ভবনটি পর্যবেক্ষণ করে গেছেন। কিন্তু ভবনটির ছাদ থেকে ঢালাই গুলি ভেঙ্গে ভেঙ্গে পড়ছে। যার ফলে ভবনটিতে জীবন হাতে নিয়ে বসবাস করতে হচ্ছে। যেহেতু ভবনটি কনডেম ঘোষণা প্রক্রিয়াটি বিলম্বিত হচ্ছে। সেহেতু জীবনের ঝুঁকি এড়ানোর জন্য ভবনটির পাশে একটি রুম ও একটি সিঁড়ি নির্মাণ করা প্রয়োজন মর্মে সভায় সকল সদস্যদের মতামত প্রদানের অনুরোধ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পাশে একটি রুম ও একটি সিঁড়ি করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩০ | বিবিধ-৭ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের জীপ গাড়িটি উপজেলা পরিষদ চেয়ারম্যানের পদ না থাকায় দীর্ঘদিন ব্যবহার করা হচ্ছে না। যার ফলে গাড়িটির কিছু যন্ত্রাংশে সমস্যা হয়েছে। সরকারি সম্পদ এবং উপজেলা পরিষদের সম্পদ সংরক্ষণের জন্য জীপ গাড়িটি টুকিটাকি মেরামত করা প্রয়োজন। তিনি আরো জানান যে, উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ণ) অনুচ্ছেদে প্রতি বছর যানবাহন মেরামত বাবদ ১,০০,০০০/- ব্যয় করার বিধান রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে সরকারি সম্পদ সংরক্ষণের জন্য জীপ গাড়িটি টুকিটাকি মেরামত করার প্রস্তাব করেন। সভায় উপস্থিত সদস্যগন উক্ত প্রস্তাবে সম্মতি প্রদান করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, সরকারি সম্পদ সংরক্ষণের স্বার্থে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে জীপ গাড়িটির টুকিটাকি মেরামত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৩১ | বিবিধ-৮ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার সদস্যদের বাহিরে খোলা জায়গায় রোদ বৃষ্টিকে উপেক্ষা করে তার উপর অর্পিত দায়িত্ব পালন করতে হয়। এ উপজেলার আনসারদের দায়িত্বপালনের জন্য বসবার কোন জায়গা নেই। তিনি উপজেলা আনসার সদস্যদের নিরাপত্তা যোরদার করণসহ নির্বিঘ্নে অর্পিত দায়িত্ব পালনে করার জন্য একটি বসবার স্থান নির্মাণ করার প্রস্তাব করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ম) অনুচ্ছেদে প্রতি বছর নিরাপত্তা খাত (আনসার) ১,০০,০০০/- ব্যয় করার বিধান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের অর্পিত দায়িত্ব পালনের জন্য বসবার জন্য ৯৩,২০০/- (তিরানব্বই হাজার দুইশত) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে একটি ঘর নির্মাণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে প্রাক্কলণ প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলী, কালিয়া, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রাশেদুজ্জামান)
প্রশাসক
কালিয়া উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০১.২৪-১২৪৭ (৫০)

তারিখ:১৯/১১/২০২৪ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। জেলা প্রশাসক,নড়াইল।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে ।
৫। উপজেলা ......................................................................অফিসার,কালিয়া,নড়াইল।
৬। চেয়ারম্যান,..........................................................ইউনিয়ন পরিষদ,কালিয়া,নড়াইল।

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া,নড়াইল।

## "পরিশিষ্ট-ক"

বিষয় ঃ উন্নয়ন সমন্বয় কমিটির সভার ১৪/১১/২০২৪ খ্রি. তারিখে উপস্থিতির হাজিরা।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, ১নং বাবরাহাচলা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০২ | চেয়ারম্যান, ২নং পুরুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৩ | চেয়ারম্যান, ৩ নং হামিদপুর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৪ | চেয়ারম্যান, ৪ নং মাউলী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৫ | চেয়ারম্যান, ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৬ | চেয়ারম্যান, ৭নং জয়নগর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৭ | চেয়ারম্যান, ৮নং কলাবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৮ | চেয়ারম্যান, ৯নং বাঐসোনা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৯ | চেয়ারম্যান, ১০নং পহরডাঙ্গা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১০ | চেয়ারম্যান, ১১নং পেড়লী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১১ | চেয়ারম্যান, ১২নং চাঁচুড়ী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১২ | চেয়ারম্যান, ১৩নং বড়নাল-ইলিয়াছাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৩ | চেয়ারম্যান, ১৪নং পাঁচগ্রাম ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৫ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৬ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৭ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৮ | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২২ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৩ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৫ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৬ | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৭ | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৮ | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৯ | ফরেষ্টার,উপজেলা নার্সারী, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩০ | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩১ | তথ্য কর্মকর্তা, তথ্যসেবা কেন্দ্র, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩২ | উপজেলা পাট উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩৩ | উপজেলা আইসিটি অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩৪ | উপজেলা ফায়ার সার্ভিস স্টেশন, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩৫ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩৬ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩৭ | উপ-বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |

(মোঃ রাশেদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির হাজিরাঃ
মাসের নামঃ নভেম্বর/২০২৪ তারিখ : ১৪/১১/২০২৪ খ্রিঃ।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | চেয়ারম্যান, ১নং বাবরা হাচলা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | ১৪/১১/২০২৪ |
| ০২। | চেয়ারম্যান, ২নং পুরুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | ১৪/১১/২০২৪ |
| ০৩। | চেয়ারম্যান, ৩ নং হামিদপুর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | ১৪/১১/২০২৪ |
| ০৪। | চেয়ারম্যান, ৪নং মাউলী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | ১৪.১১.২৪ |
| ০৫। | চেয়ারম্যান, ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | ১৪/১১/২৪ |
| ০৬। | চেয়ারম্যান, ৬নং খাশিয়াল ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | A |
| ০৭। | চেয়ারম্যান, ৭নং জয়নগর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | ১৪/১১/২৪ |
| ০৮। | চেয়ারম্যান, ৮নং কলাবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | ১৪.১১.২৪ |
| ০৯। | চেয়ারম্যান, ৯নং বাঐসোনা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | 14/11/24 |
| ১০। | চেয়ারম্যান, ১০নং পহরডাঙ্গা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১১। | চেয়ারম্যান, ১১ নং পেড়লী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১২। | চেয়ারম্যান, ১২নং চাঁচুড়ী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১৩। | চেয়ারম্যান, ১৩নং বড়নাল-ইলিয়াছাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | ১৪/১১/২৪ |
| ১৪। | চেয়ারম্যান, ১৪নং পাঁচগ্রাম ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |

উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির হাজিরাঃ

মাসের নামঃ নভেম্বর/২০২৪ তারিখ : ১৪/১১/২০২৪ খ্রিঃ।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০২ | সহকারী কমিশনার (ভুমি), কালিয়া, নড়াইল। | |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | 14/11/24 |
| ০৪ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। | ১৪/১১/২৪ |
| ০৫ | উপজেলা ~~প্রাণী সম্পদ~~ প্রাণিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০৬ | অতিরিক্ত পুলিশ কমিশনার (সার্কেল), কালিয়া, নড়াইল। | |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। | ১৪/১১/২৪ |
| ০৮ | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০৯ | অফিসার ইনচার্জ, কালিয়া থানা, কালিয়া, নড়াইল। | |
| ১০ | অফিসার ইনচার্জ, নড়াগাতী থানা, কালিয়া, নড়াইল। | |
| ১১ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ১২ | সাব রেজিষ্টার, কালিয়া, নড়াইল। | A |
| ১৩ | উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কালিয়া, নড়াইল। | A |
| ১৪ | উপজেলা সমাজ সেবা অফিসার, কালিয়া, নড়াইল। | ১৪/১১/২৪ |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | ১৪/১১/২০২৪ |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | ১৪/১১/২০২৪ |

| | | |
|---|---|---|
| ১৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিয়া, নড়াইল। | [illegible] |
| ১৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিয়া, নড়াইল। IOCLSD | [illegible] ২৪/১১/২৪ |
| ১৯ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | A Shafi ২৪/১১/২৪ |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | A |
| ২১ | উপজেলা প্রকল্প অফিসার, পজিপ, বিআরডিবি, কালিয়া, নড়াইল। | A |
| ২২ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিয়া, নড়াইল। | [illegible] ২৪/১১/২০২৪ |
| ২৩ | উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসার, কালিয়া, নড়াইল। | A |
| ২৪ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কালিয়া, নড়াইল। | A |
| ২৫ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালিয়া, নড়াইল। | [illegible] ২৪/১১/২৪ |
| ২৬ | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। | A |
| ২৭ | ইন্সট্রাক্টর,উপজেলা রিসোর্স সেন্টার, কালিয়া, নড়াইল। | [illegible] ২৪/১১/২৪ |
| ২৮ | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। | [illegible] ২৪/১১/২৪ |
| ২৯ | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। | [illegible] |
| ৩০ | ফরেষ্টার,উপজেলা নার্সারী, কালিয়া, নড়াইল। | [illegible] ২৪/১১/২৪ |
| ৩১ | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, কালিয়া। | [illegible] ২৪/১১/২৪ |
| ৩২ | তথ্য কর্মকর্তা, তথ্যসেবা কেন্দ্র, কালিয়া, নড়াইল। | Brishti ২৪/১১/২৪ |
| ৩৩ | উপজেলা পাট উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | A |

| | | |
|---|---|---|
| ৩৪ | উপজেলা আইসিটি অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ৩৫ | উপজেলা ফায়ার সার্ভিস স্টেশন, কালিয়া, নড়াইল। | |
| ৩৬ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, কালিয়া, নড়াইল। | 14.11.24 |
| ৩৭ | গ্রাম আদালত, কালিয়া, নড়াইল। | |
| ৩৮ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, কালিয়া, নড়াইল। | ১৪/১১/২৪ |
| ৩৯. | দীপঙ্কর কুমার দাশ, উপ-বিভাগীয় প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, নড়াইল। | ১৪/১১/24 |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |